সিলেটে প্রতিবন্ধীদের মধ্যে কয়েছ ফাউন্ডেশন ইউকের খাদ্য সামগ্রী বিতরণ

চেম্বার ডেস্ক: সিলেটে প্রতিবন্ধীদের মধ্যে কয়েছ ফাউন্ডেশন ইউকে’র পক্ষ থেকে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। গতকাল ৯ জুলাই মঙ্গলবার দুপুরে নগরীর জিন্দাবাজারস্থ গ্রীন ডিসএ্যাবল্ড ফাউন্ডেশন (জিডিএফ), সিলেট এর কার্যালয় খাদ্য সামাগ্রী বিতরণ করেন কয়েছ ফাউন্ডেশন ইউকে’র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান সমাজসেবী আলহাজ¦ কয়েছ আহমদ।

গ্রীন ডিসএ্যাবল্ড ফাউন্ডেশন (জিডিএফ)’র মহাসচিব ও নির্বাহী পরিচালক বায়জিদ খাঁন এর সভাপতিত্বে ও দক্ষিণ সুরমা প্রেসক্লাবের সাবেক সহ সাধারণ সম্পাদক আব্দুল খালিক এর পরিচালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন কয়েছ ফাউন্ডেশন ইউকে’র প্রতিষ্ঠাতা চেয়ম্যান সমাজসেবী আলহাজ¦ কয়েছ আহমদ, আনোয়ার ফাউন্ডেশন ইউকে’র বাংলাদেশ প্রতিনিধি লিমন আহমদ, দক্ষিণ সুরমা প্রেসক্লাবের সাবেক সভাপতি আশরাফুল ইসলাম ইমরান, আরটিভি’র সিলেট প্রতিনিধি শামীম আহমদ। শিক্ষার্থী তাহমিনা আক্তার মৌমির পবিত্র কুরআন তেলাওয়াতের মাধ্যমে সূচিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিডিএফ-ডিকেফ প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষক জয়দ্বীপ রায় ও মোঃ বায়জিত শিপন, জিডিএফ’র সুপার ভাইজার রায়হান খান, প্রতিবন্ধী নাগরিক পরিষদ সিলেটের কোষাধ্যক্ষ শারমীন আক্তার রেবা প্রমুখ। দেশ ও জাতির মঙ্গল কামনা করে মোনাজাত পরিচালনা করেন ধর্মীয় শিক্ষক মাওলানা আনিসুল হক। অনুষ্ঠানে চাউল, ডাল, আলু, পিয়াজ, তেল ইত্যাদি খাদ্য সামগ্রী বিতরণ করেন অতিথিবৃন্দ।
খাদ্য সামগ্রী বিতরণে আগে কয়েছ ফাউন্ডেশন ইউকে’র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান সমাজসেবী আলহাজ¦ কয়েছ আহমদ জিডিএফ’র কার্যক্রম পরিদর্শন করেন। এ সময় দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের বেইল পদ্ধতিতে কুরআন মাজীদ তেলাওয়াত শোনে মুগ্ধ হন। তিনি প্রতিবন্ধীদের জীবন মান উন্নয়নে সহযোগিতার আশ^◌াস প্রদান করেন। অনুষ্ঠানে বক্তারা বলেন, আর্ত মানবতার কল্যাণে দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে প্রবাসীরা অসহায় ও দরিদ্র মানুষদের সহযোগিতা করে যাচ্ছেন। মহামারী করোনা, ভয়াবহ বন্যা সহ যেকোন দুর্যোগের সময় সহায়তা নিয়ে প্রবাসীরা প্রথম এগিয়ে আসেন। এটা নিঃসন্দেহ মহতী ও

প্রশংসীয় উদ্যোগ। এরই ধারাবাহিকতায় কয়েছ ফাউন্ডেশন ইউকে প্রতিবন্ধীদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করছে। বক্তারা এই ফাউন্ডেশনের মত অন্যান্য সামাজিক সংগঠন ও দানশীল ব্যক্তিদেরকে প্রতিবন্ধী মানুষের কল্যাণে এগিয়ে আসার আহবান জানান।